

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপ-পরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
যুব ভবন, নওগাঁ।

স্মারক নং- ৩৪.০১.৬৪০০.০০০.৩৮.৩৩৬.১৪ -৪৪

তারিখ :- ১৬/০২/২০২১খ্রিঃ


“ফ্রি-ল্যান্সিং/আউটসোর্সিং বিষয়ক প্রশিক্ষণ কোর্সের ভর্তি বিজ্ঞপ্তি”

দেশের শিক্ষিত বেকার যুবদের ঘরে বসে কর্মসংস্থানের সুযোগ সৃষ্টির লক্ষ্যে ২০২০-২০২১ অর্থবছরের ২য় ব্যাচে ফ্রি-ল্যান্সিং/আউটসোর্সিং [ডিজিটাল মার্কেটিং/এসইও(সার্চ ইঞ্জিন অপটিমাইজেশন)-১০দিন, গ্রাফিক্স ডিজাইন(১০দিন) এবং ওয়েব ডিজাইন(১০দিন)] বিষয়ক প্রশিক্ষণ কোর্স যুব উন্নয়ন অধিদপ্তর, নওগাঁ জেলা কার্যালয়ে শুরু করা হবে। কম্পিউটার ও ইন্টারনেট পারদর্শী এবং যাদের ল্যাপটপ/ডেস্কটপ কম্পিউটার ব্যবহার করার সুযোগ রয়েছে, সে সকল যুব/যুব মহিলাদের নিকট হতে বর্ণিত নিয়মাবলী অনুসরণ পূর্বক দরখাস্ত আহবান করা যাচ্ছে।

প্রশিক্ষণ কোর্সের নাম	কোর্সের মেয়াদ	শিক্ষাগত যোগ্যতা	আবেদন পত্র জমাদানের শেষ তারিখ	কোর্স ফি	সাক্ষাৎকারের তারিখ	প্রশিক্ষণ শুরুর তারিখ
ফ্রি-ল্যান্সিং/আউটসোর্সিং	৩০দিন	এইচ. এস. সি(ন্যূনতম)	২৫/০২/২০২১ খ্রিঃ	৫০০/=	২৮/০২/২০২১ খ্রিঃ	০১/০৩/২০২১ খ্রিঃ

ভর্তি সংক্রান্ত তথ্যাবলি:

- আবেদন পত্রে (ক) প্রার্থীর নাম (খ) পিতা/স্বামীর নাম (গ) মাতার নাম (ঘ) স্থায়ী ঠিকানা (ঙ) বর্তমান ঠিকানা (চ) শিক্ষাগত যোগ্যতা, (ছ) জাতীয়তা (জ) ধর্ম (ঝ) জন্ম তারিখ (ঞ) বয়স (দরখাস্ত জমা দেয়ার শেষ তারিখে) উল্লেখপূর্বক স্বহস্তে লিখিত আবেদন পত্র জেলার দায়িত্বপ্রাপ্ত সংশ্লিষ্ট উপ-পরিচালক বরাবরে নির্ধারিত সময়ের মধ্যে জমা দিতে হবে।
- আবেদন পত্রের সাথে ক) দুই কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি (খ) শিক্ষাগত যোগ্যতা ও বয়স প্রমাণের সনদ পত্রের সত্যায়িত কপি (গ) ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভার কমিশনার/প্রথম শ্রেণীর সরকারী কর্মকর্তা কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব/জাতীয় পরিচয় পত্রের ফটোকপি জমা দিতে হবে।
- প্রার্থীকে অবশ্যই কম্পিউটার বেসিক বিষয়ে প্রশিক্ষণ প্রাপ্ত হতে হবে।
- যুব সংগঠন কর্তৃক মনোনীত, প্রতিবন্ধি, মুক্তিযোদ্ধা পোষ্য (স্বপক্ষে প্রমাণপত্র) এবং যুব মহিলা প্রার্থীকে নির্বাচনের বিষয়ে অগ্রাধিকার দেয়া হবে।
- ভর্তির জন্য নির্ধারিত তারিখে সংশ্লিষ্ট নির্বাচনী বোর্ডের সামনে সকাল ৯.৩০ ঘটিকায় উপ-পরিচালকের কার্যালয়, যুব উন্নয়ন অধিদপ্তর, মশরপুর, নওগাঁয় হাজির হতে হবে। এ জন্য কোন প্রকার টি,এ ডি,এ দেওয়া হবে না।
- প্রশিক্ষণ কোর্সটি অনাবাসিক ভাবে পরিচালিত হবে বিধায় কেন্দ্রের নিয়ম অনুসারে প্রশিক্ষণ ভাতা প্রদান করা হবে না।
- প্রশিক্ষণার্থীগণকে প্রশিক্ষণ কেন্দ্রের নিয়ম শৃংখলা মেনে চলতে হবে।
- উক্ত প্রশিক্ষণ কোর্স উপ-পরিচালকের কার্যালয়, যুব উন্নয়ন অধিদপ্তর, মশরপুর, নওগাঁয় বাস্তবায়ন করা হবে।


১৬/০২/২০২১

(মুঃ জাবেদ ইকবাল)

উপ-পরিচালক


যুব উন্নয়ন অধিদপ্তর, নওগাঁ।

স্মারক নং- ৩৪.০১.৬৪০০.০০০.৩৮.৩৩৬.১৪ -৪৪

তারিখ :- ১৬/০২/২০২১খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো :-

- ০১। মহাপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- ০২। পরিচালক(প্রশিক্ষণ), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- ০৩। জেলা প্রশাসক, নওগাঁ।
- ০৩। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, -----, নওগাঁ।
- ০৪। অফিস কপি/নোটিশ বোর্ড।


১৬/০২/২০২১

(মুঃ জাবেদ ইকবাল)

উপ-পরিচালক

যুব উন্নয়ন অধিদপ্তর, নওগাঁ।